



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

Web: www.rpir.gov.bd; E-mail: rpi_16058@yahoo.com

স্মারক নং-রপই/একা-০১/২০২৩-

তারিখঃ ১৯/১১/২০২৩খ্রিঃ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র ইনস্টিটিউটে ১ম, ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক 'উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা' এর জন্য জিপিএ প্রাপ্ত যে সকল শিক্ষার্থীর তথ্য আপডেট করা প্রয়োজন অথবা পূর্বে তথ্য এন্ট্রি নাই শুধুমাত্র তাদের নিম্নের লিংকে বর্ণিত তথ্যাদি (শিক্ষা তথ্য, রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বর, মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর, শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষার্থীর/পিতা/মাতা/অভিভাবকের এনআইডি/জন্ম নিবন্ধন নম্বর ইত্যাদি) আগামী ১৯/১১/২০২৩খ্রিঃ হইতে ২৬/১১/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে rpir.bfei.net অপশনে/লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় সঠিক তথ্যাদি পূরণপূর্বক সাবমিট করে প্রিন্ট কপি নিজের কাছে সংরক্ষণ করবে ও ১কপি(শিক্ষার্থীর প্রবেশপত্র ও এ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ) স্ব স্ব বিভাগীয় প্রধানের অফিসে আবশ্যিকভাবে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনে ব্যর্থ হলে বা ভুল তথ্য প্রদান করলে বৃত্তি পাবে না এবং তার জন্য শিক্ষার্থী নিজেই দায়ী থাকবে।

অবশ্যই পালনীয়/বিশেষভাবে নজর রাখতে হবে

- ১। এ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে একাউন্টের(নগদ/রকেট) নামের মিল থাকতে হবে।
- ২। নতুনভাবে একাউন্ট খোলার ক্ষেত্রে এ্যাকাউন্টধারীর(শিক্ষার্থীর নিজ নামে/পিতা/মাতার) নামে রেজিস্ট্রেশনকৃত সিমের নগদ/রকেট/বিকাশ ইত্যাদি এ্যাকাউন্ট খুলতে হবে।
- ৩। একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট লেনদেন করে সচল রাখতে হবে।
- ৪। একাধিক শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে একই একাউন্ট নম্বর ব্যবহার করা যাবে না।
- ৫। তথ্য সংশোধনের জন্য "Search Menu" হতে SSC Roll & Account Number দিয়ে Search করে সংশোধন করা যাবে।

*** বিদ্রোঃ শুধুমাত্র জিপিএ প্রাপ্ত এবং যার সমস্যা আছে সে সকল শিক্ষার্থীর জন্য, বিদায় অন্যান্য শিক্ষার্থীদের যোগাযোগ না করার জন্য বলা হলো। সরাসরি ৩য় পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করতে হবে।

অফিসের জন্য করণীয়ঃ

- ১। বিভাগীয় প্রধানগণ আগামী ২৭/১১/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে নিজ নিজ বিভাগের শিক্ষার্থীর তথ্য(উপবৃত্তির পত্র মোতাবেক) আপডেটপূর্বক উপবৃত্তি কমিটির আহ্বায়কের নিকট রিপোর্ট প্রদান করবেন।
- ২। উপবৃত্তি সংক্রান্ত যেকোন ধরনের সমস্যা হলে বিভাগীয় প্রধানগণ তার নিজ নিজ বিভাগের শিক্ষার্থীর জন্য সকল দায়ভার বহন করবেন।

স্বাক্ষরিত/-

(প্রকৌঃ ফরিদ উদ্দিন আহমেদ)

অধ্যক্ষ

তারিখঃ ১৯/১১/২০২৩খ্রিঃ।

স্মারক নং-রপই/একা-০১/২০২৩- ১৫২১

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। উপাধ্যক্ষ/একাডেমিক ইনচার্জ, অত্র ইনস্টিটিউট।
- ৪। সি,আই/বিঃ প্রধানঃ- সিভিল/আর,এস/পিটি/ইটি/এমটি/ইএনটি/কম্পিঃ/ইএমটি, অত্র ইনস্টিটিউট।
- ৫। হিসাব শাখা/জেনারেল শাখা, অত্র ইনস্টিটিউট।
- ৬। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
- ৭। সংরক্ষণ নথি।

(প্রকৌঃ ফরিদ উদ্দিন আহমেদ)

অধ্যক্ষ

রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।